# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৯

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন কোন সময় একজন ব্যক্তির একটি ভাল কাজের মাধ্যমে অতীতের অনেক গুনাহ মাফের আশা করা যায়- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْحَسَنَةَ الْوَاحِدَةَ قَدْ يُرْجَى بِهَا لِلْمَرْءِ مَحْوُ جِنَايَاتٍ سَلَفَتْ منه

আরবী

أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا غَالِبُ بْنُ وَزِيرٍ الْغَزِّيُّ حَدَّثَنَا وَكِيعٌ قَالَ: حَدَّثَنِي الْأَعْمَشُ عَنِ الْمَعْرُورِ بْنِ سُوَيْدٍ عَنْ أَبِي ذَرٍّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (تعبَّد عَابِدٌ مِنْ بَنِي إِسْرَائِيلَ فَعَبَدَ اللَّهَ فِي صَوْمَعَتِهِ سِتِّينَ عَامًا فَأَمْطَرَتِ الْأَرْضُ فَاخْضَرَّتْ فَأَشْرَفَ الرَّاهِبُ مِنْ صَوْمَعَتِهِ فقَالَ: لَوْ نزلتُ فَذَكَرْتُ اللَّهَ لَازْدَدْتُ خَيْرًا فَنَزَلَ وَمَعَهُ رَغِيفٌ أَوْ رَغِيفَانِ فَبَيْنَمَا هُوَ فِي الْأَرْضِ لَقِيَتْهُ امْرَأَةٌ فَلَمْ يَزَلْ يُكَلِّمُهَا وَتُكَلِّمُهُ حَتَّى غَشِيَهَا ثُمَّ أُغمي عَلَيْهِ فَنَزَلَ الْغَدِيرَ يَسْتَحِمُّ فَجَاءَهُ سَائِلٌ فَأَوْمأَ إِلَيْهِ أَنْ يَأْخُذَ الرَّغِيفَيْنِ أَوِ الرَّغِيفَ ثُمَّ مَاتَ فَوُزِنَتْ عِبَادَةُ سِتِّينَ سَنَةً بِتِلْكَ الزَّنْيَةِ فَرَجَحَتِ الزَّنْيَةُ بِحَسَنَاتِهِ ثُمَّ وُضع الرَّغِيفُ أَوِ الرَّغِيفَانِ مَعَ حَسَنَاتِهِ فَرَجَحَتْ حَسَنَاتُهُ فغُفر له.)

الراوي : أَبُو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 379 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৩৭৯. আবু যার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “বানু ইসরাঈলের এক আবেদ ব্যক্তি গীর্জায় ষাট বছর ইবাদত করেন। অতঃপর জমিনে বৃষ্টি বর্ষিত হয় এবং জমিন সবুজ-শ্যামল হয়ে যায়। এসময় সেই পাদ্রী তার গীর্জা থেকে বাহিরে উঁকি দেয় এবং বলে “যদি আমি বাহিরে যাই এবং আল্লাহকে স্মরণ করি, তাহলে আমি আরো বেশি কল্যাণ লাভ করতে পারবো। অতঃপর তিনি বাইরে বের হয়ে আসেন, এসময় তার হাতে ছিল এক বা দুটি রুটি। তিনি জমিনে এমন অবস্থায় ছিলেন এমন সময় তার কাছে একজন নারী আসে এবং তারা পরস্পরে কথা বলতে থাকে এমনটি তিনি তার সাথে ব্যভিচারে লিপ্ত হয়ে

যান। তারপর তিনি বেহুশ হয়ে যান। এরপর তিনি গোসল করার জন্য পুকুরে নামেন এসময় তার কাছে একজন ভিক্ষুক আসে, তিনি ইশারায় এক বা দুটি রুটি নেওয়ার কথা বলেন। তারপর তিনি মারা যান।  অতঃপর তার ষাট বছরের ইবাদতকে ঐ ব্যভিচারের সাথে ওযন দেওয়া হয়, তাতে পুণ্যের তুলনায় ব্যভিচারের পাল্লা ভারী হয়ে যায়। তারপর তার পুণ্যের সাথে এক বা দুটি রাখা হয়, তখন তার পুণ্যের পাল্লা ভারী হয়ে যায়। ফলে তাকে ক্ষমা করে দেওয়া হয়।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ: سَمِعَ هَذَا الْخَبَرَ غَالِبُ بْنُ وَزِيرٍ عَنْ وَكِيعٍ بِبَيْتِ الْمَقْدِسِ وَلَمْ يُحَدِّثْ بِهِ بِالْعِرَاقِ وَهَذَا مِمَّا تَفَرَّدَ بِهِ أَهْلُ فِلَسْطِينَ عَنْ وَكِيعٍ

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “হাদীসটি গালিব বিন ওয়াযীর ইমাম ওয়াকী‘ থেকে শ্রবণ করেছেন। তিনি ইরাকে হাদীসটি বর্ণনা করেননি। ইমাম ওয়াকী‘ থেকে ফিলিস্তীনবাসী এই হাদীসটি এককভাবে বর্ণনা করেছেন।”

## ফুটনোট

[1] সুয়ূতী, আল জামি‘উল কাবীর: ৪৭৩ পৃষ্ঠা।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ য‘ঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। (আয য‘ঈফা: ৬৮৭৫।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88678

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন